



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/১২৭

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/১২০, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৪ খ্রি.
 ২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/৩০, তারিখ: ২৫ জুন ২০২৫ খ্রি.
 ৩। চেয়ারম্যান, লক্ষীপুর মুহাম্মদী সোসাইটি এর আবেদন, তারিখ: ২৯/০৬/২০২৫ খ্রি.
 ৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/৪৭, তারিখ: ১৪ জুলাই ২০২৫ খ্রি.
 ৫। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর স্মারক নং-০৫.৪২.১৩২২.০০২.০২.০১৮.২৫-৯৩৭, তারিখ: ০৭/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষীপুর মোহাম্মদিয়া সোসাইটি কর্তৃক পরিচালিত লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসার ট্রাস্ট ম্যানেজিং কমিটি জনাব মোঃ মিজানুর রহমান খাঁন কে সভাপতি করে সূত্রোক্ত ১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান খাঁন কে পরিবর্তন করে জনাব আবু আব্দুল্লাহ মোঃ হাসান কে সভাপতি মনোনীত করার জন্য সোসাইটির সভাপতি জনাব মাওঃ মুহাম্মদ হাবীবুল্লাহ বোর্ড ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র দিয়ে আবেদন করলে সূত্রোক্ত ২ নং স্মারকে সভাপতি পরিবর্তন করে পত্র প্রেরণ করা হয়। উক্ত মাদ্রাসার সভাপতি পদ পরিবর্তনের বিষয়ে সূত্রোক্ত ৩ নং স্মারকে লক্ষীপুর মুহাম্মদী সোসাইটির চেয়ারম্যান দাবিদার মোঃ মিজানুর রহমান খান একথানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুপষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর কে পত্র দেয়া হয়। সূত্রোক্ত ৫ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন, সোসাইটি কর্তৃক দানকৃত ভূমিতে মাদ্রাসা স্থাপনের সত্যতা পাওয়া যায়নি। বিগত ২৭-১০-২১ তারিখের বামাশিবো/প্রশা/৩৩/৩/চাঁদপুর-১৯১ নং স্মারকে লক্ষীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসায় প্রবিধানমালা-২০০৯ এর ৪৯ ধারা মোতাবেক সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়ার সুযোগ নেই মর্মে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে সূত্রোক্ত ১ নং স্মারকের ট্রাস্ট ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এম এম তোহিদুজ্জামান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

- ১। জনাব আবু আব্দুল্লাহ মোঃ হাসান, সভাপতি
 ট্রাস্ট ম্যানেজিং কমিটি, লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, চাঁদপুর সদর, চাঁদপুর;
 ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার,
 লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, চাঁদপুর সদর, চাঁদপুর;

নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/১২৭

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর;
৫. সদস্যবৃন্দ, ট্রাস্ট ম্যানেজিং কমিটি, লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, সদর, চাঁদপুর;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd